# হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় : মক্কার পবিত্র ও ঐতিহাসিক স্থানসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

## নবীজীর জন্মস্থান

নবীজীর পবিত্র জন্মস্থানটি সুপরিচিত। শি‘আবে আলীর প্রবেশমুখে অবস্থিত। বনী হাশেম গোত্র যেখানে বাস করত সেটিই শি‘আবে আলী। যেখানে কুরাইশগণ বনূ হাশিম গোত্রকে অবরুদ্ধ করে রাখে। মানুষ বরকত স্বরূপ সে স্থানের মাটি গ্রহণ করা শুরু করেছিল। যা একটি গর্হিত ও শির্কী কাজ। তাই পরবর্তীতে সেখানে একটি লাইব্রেরি স্থাপন করা হয়। এটি শায়েখ আব্বাস কাত্তান ১৩৭১ হিজরীতে তার ব্যক্তিগত সম্পদ দিয়ে নির্মাণ করেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7470

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন